

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি (২য় সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫।
Web: mcpmp.brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৮১.০৫.০৮৮.২০.২৪৪

তারিখ: ২৮/০৭/২০২২ খ্রিঃ।

বিষয়: ২০২২-২০২৩ অর্থবছরে প্রকল্প কার্যক্রমের লক্ষ্যমাত্রা নির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পের বিভিন্ন কর্ম অঙ্গের ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো।

ক) জরিপ: উপজেলা ভিত্তিক মোট লক্ষ্যমাত্রা ১১৭৫ জন। যে সকল উপজেলায় ১১৭৫ জন জরিপ হয়েছে; সে সকল উপজেলায় লক্ষ্যমাত্রা হবে ০ (শূন্য)। যে সকল উপজেলায় ১১৭৫ জনের কম জরিপ হয়েছে; সে সকল উপজেলায় উক্ত কম সংখ্যক সদস্য জরিপই হবে চলতি অর্থবছরে সদস্য জরিপের লক্ষ্যমাত্রা।

খ) দল গঠন: উপজেলা ভিত্তিক মোট লক্ষ্যমাত্রা ৩০ টি। যে সকল উপজেলায় ৩০ টি দল গঠন হয়েছে; সে সকল উপজেলায় লক্ষ্যমাত্রা হবে ০ (শূন্য)। যে সকল উপজেলায় ৩০ টির কম দল গঠন হয়েছে; সে সকল উপজেলায় উক্ত কম সংখ্যক দল গঠনই হবে চলতি অর্থবছরে দল গঠনের লক্ষ্যমাত্রা।

গ) সদস্য ভর্তি: উপজেলা ভিত্তিক মোট লক্ষ্যমাত্রা ১০৫৫ জন। যে সকল উপজেলায় ১০৫৫ জন সদস্য ভর্তি হয়েছে; সে সকল উপজেলায় লক্ষ্যমাত্রা হবে ০ (শূন্য)। যে সকল উপজেলায় ১০৫৫ জনের কম সদস্য ভর্তি হয়েছে; সে সকল উপজেলায় উক্ত কম সংখ্যক সদস্য ভর্তিই হবে চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা।

ঘ) সঞ্চয় জমা: উপজেলা ভিত্তিক চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা ৪.৩০ লক্ষ টাকা।

ঙ) ঋণ বিতরণ: ৩০/০৬/২০২২ খ্রিঃ পর্যন্ত উপজেলা ভিত্তিক মোট প্রাপ্ত ঋণ তহবিলই হবে উক্ত উপজেলার চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা।


চ) ঋণ আদায়: চলতি অর্থবছরে যে পরিমাণ ঋণ আদায়যোগ্য হবে; সে পরিমাণ ঋণ আদায়ই হবে চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা।

ছ) প্রশিক্ষণ: উপজেলা ভিত্তিক চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা ৮০ জন।

জ) প্রদর্শনী প্লট: উপজেলা ভিত্তিক চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা ১২ টি। যার মধ্যে ৬ টি ফসলী এবং ৬ টি ভার্শি কম্পোস্ট। উল্লেখ্য প্রকল্প মেয়াদে একটি দলে একটির অধিক প্রদর্শনী প্লট করা যাবে না।

ঝ) বীজ ও চারা বিতরণ: উপজেলা ভিত্তিক চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা ৪০-২০০ জন। উপজেলা কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুসারে সদস্য সংখ্যা উক্ত সীমার মধ্যে নির্ধারিত হবে।

উপরোল্লিখিত লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।


২৮/০৭/২০২২

মোঃ আব্দুর রশিদ খান

উপপ্রকল্প পরিচালক

ফোন: ০২-৫৫০১২০৩৪

ই-মেইল: dpdmcpmp@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

উপজেলা:.....(প্রকল্পভূক্ত ২৫৬ উপজেলা)

জেলা:.....।

অনুলিপি:

১। উপপরিচালক(সকল), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলা:.....।

২। অপ্রধান শস্য বিশেষজ্ঞ/শস্য উন্নয়ন কর্মকর্তা, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি, বিআরডিবি, উপঅঞ্চল:.....।

৩। মহাপরিচালকের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। অফিস নথি।